# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ০৫

## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

## পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী

### ক্লাস - ০১

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণীর ধারণা
- যৌথ মূলধন কোম্পানির আর্থিক বিবরণী প্রস্তুতের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা
- আর্থিক বিবরণীর বিভিন্ন অংশ

**শিখনফল (Learning Outcome):**

- যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী কী তা বলতে পারবে।
- আর্থিক বিবরণী প্রস্তুতের উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।
- আর্থিক বিবরণী প্রস্তুতের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।
- আর্থিক বিবরণীর বিভিন্ন অংশগুলির নাম বলতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: প্রতিষ্ঠানের/কারবারের সামগ্রিক আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা জানার জন্য প্রস্তুত করা হয় -
ক) আর্থিক বিবরণী খ) আর্থিক অবস্থার বিবরণী গ) সংরক্ষিত আয় বিবরণী ঘ) বিশদ আয় বিবরণী
উত্তর: (ক)

প্রশ্ন: আর্থিক বিবরণী কত সময়ের জন্য তৈরি করা হয়?
ক) যে কোন উপযুক্ত সময়ের জন্য খ) ১ বছরের জন্য গ) ৬ মাসের জন্য ঘ) ১ মাসের জন্য
উত্তর: (ক)

প্রশ্ন: আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় ১৯৯৪ সালের কোম্পানি আইনের কত ধারা অনুযায়ী?
ক) ১৭৫ খ) ১৮০ গ) ১৮৩ ঘ) ১৯০
উত্তর: (গ)

প্রশ্ন: ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী আর্থিক বিবরণীর উপাদান কয়টি?
ক) দুইটি খ) তিনটি গ) চারটি ঘ) পাঁচটি
উত্তর: (ক)

প্রশ্ন: আন্তর্জাতিক হিসাবমান-১(IAS-01) অনুযায়ী আর্থিক বিবরণী কয়টি অংশে প্রস্তুত করা হয়?
ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) ছয়টি
উত্তর: (গ)

প্রশ্ন: কোনটি আর্থিক বিবরণীর অংশ?
ক) বিশদ আয় বিবরণী খ) ব্যাংক সমন্বয় বিবরণী গ) প্রাপ্তি ও প্রদান বিবরণী ঘ) সমন্বিত রেওয়ামিল
উত্তর: (ক)

প্রশ্ন: নিচের কোনটি আর্থিক বিবরণীর অংশ নয়?
ক) বিশদ আয় বিবরণী খ) সংরক্ষিত আয় বিবরণী গ) আর্থিক অবস্থার বিবরণী ঘ) ঋণ পরিশোধ বিবরণী
উত্তর: (ঘ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: হিসাববিজ্ঞানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ শাখা হচ্ছে আর্থিক হিসাববিজ্ঞান। তবে এক্ষেত্রে বিভিন্ন প্রকার আইন ও বিধি-নিষেধ পালন করতে হয়। আর্থিক হিসাববিজ্ঞানের ক্ষেত্রে অনুসরণ করতে হয়-
i. কোম্পানি আইন
ii. আয়কর আইন
iii. IAS
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

প্রশ্ন: আর্থিক বিবরণী অংশ হচ্ছে -

i. বিশদ আয় বিবরণী

ii. মালিকানা স্বত্ব বিবরণী

iii. আর্থিক অবস্থার বিবরণী

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: আর্থিক বিবরণী প্রস্তুতের উদ্দেশ্য হলো -

i. হিসাবকালের আর্থিক ফলাফল নির্ণয়

ii. হিসাবকালের আর্থিক অবস্থা সম্পর্কে অবগত হওয়া

iii. সংশ্লিষ্ট পক্ষকে তথ্য সরবরাহ করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- ✪ আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্ন হয়ে থাকে। বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- ✪ আলোচ্য বিষয়ের উপর কোন সৃজনশীল প্রশ্ন হবে না।

<><><><><><>

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**পাঠ পরিকল্পনা - ০৫**

**হিসাবিবজ্ঞান দ্বিতীয়পত্র**

**পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী**

**ক্লাস-০২**

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- ✪ বিশদ আয় বিবরণী ও এর প্রস্তুত প্রণালী

**শিখনফল (Learning Outcome):**

- ✪ বিশদ আয় বিবরণী কী তা বর্ণনা করতে পারবে।
- ✪ বিশদ আয় বিবরণী বিভিন্ন ছকে প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

✪ সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: নিচের কোনটির মাধ্যমে প্রকৃত আয় জানা যায়?

ক) বিশদ আয় বিবরণী খ) নগদ প্রবাহ বিবরণী গ) আর্থিক অবস্থার বিবরণী ঘ) রক্ষিত আয় বিবরণী

উত্তর: (ক)

প্রশ্ন: সাধারণত কয়টি পদ্ধতিতে বিশদ আয় বিবরণী প্রস্তুত করা যায়?

ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

উত্তর: (খ)

প্রশ্ন: সেবামূলক প্রতিষ্ঠানে সাধারণত কয়ধাপে বিশদ আয় বিবরণী প্রস্তুত করা উচিত?

ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

উত্তর: (ক)

প্রশ্ন: আয় বিবরণী থেকে সর্বশেষ প্রাপ্ত ফলাফল কোনটি?

ক) মোট লাভ বা ক্ষতি খ)নিট লাভ বা ক্ষতি গ) মোট আয় ঘ) নিট আয়

উত্তর: (খ)

প্রশ্ন: আয় বিবরণীর ক্রেডিট জের ব্যবসায় প্রতিষ্ঠানের কী হিসেবে গণ্য হয়?

ক) মোট আয়/লাভ/মুনাফা খ)মোট ক্ষতি গ) নিট আয়/লাভ/মুনাফা ঘ) নিট ক্ষতি

উত্তর: (গ)

প্রশ্ন: বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় থেকে সমাপনী মজুদ পণ্য বাদ দিলে কী পাওয়া যায়?
ক) প্রারম্ভিক মজুদ খ) নিট ক্রয় গ) নিট বিক্রয় ঘ) বিক্রিত পণ্যের ব্যয়
ত্তর: (ঘ)
প্রশ্ন: বিক্রয় থেকে বিক্রিত পণ্যের ব্যয় বাদ দিলে আমরা কী পাব?/নিট বিক্রয় – বিক্রিত পণ্যের ব্যয়=?
ক) মোট আয়/মুনাফা/লাভ খ) পরিচালন আয়/মুনাফা/লাভ গ) নিট আয়/মুনাফা/লাভ ঘ) অপরিচালন আয়
উত্তর: (ক)
প্রশ্ন: ক্রয়ের পরিমাণ নির্ণয়ে বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় থেকে কোনটি বিয়োগ করতে হয়?
ক) মোট আয়/মুনাফা/লাভ খ) নিট আয়/মুনাফা/লাভ গ) প্রারম্ভিক মজুদ ঘ) সমাপন মজুদ
উত্তর: (গ)
প্রশ্ন: একই অর্থবোধক নয় কোনটি?
ক) ক্রয় পরিবহন/আন্ত: পরিবহন খ) আন্ত: ফেরত/বিক্রয় ফেরত গ) দেনাদার/প্রাপ্য হিসাব ঘ) কমিশন/বাট্টা
উত্তর: (ঘ)
প্রশ্ন: যে সকল খরচ ব্যবসায়িক কারণে সংঘটিত হয় না তাকে কোন ব্যয় বলে?
ক) বিক্রিত পণ্যের ব্যয় খ) পরিচালন ব্যয় গ) অপরিচালন ব্যয় ঘ) পণ্য ব্যয়
উত্তর: (গ)
প্রশ্ন: কোনটি পরিচালন আয়?
ক) পণ্য বিক্রয় খ) আসবাবপত্র বিক্রয় গ) সুদ আয় ঘ) কমিশন আয়
উত্তর: (ক)
প্রশ্ন: পরিচালন ব্যয় কী?
ক) সকল প্রকার প্রত্যক্ষ ব্যয়
খ) সকল প্রকার পরোক্ষ ব্যয়
গ) পণ্য উৎপাদন সংক্রান্ত যাবতীয় ব্যয়
ঘ) তহবিল সংগ্রহ ব্যয়
উত্তর: (খ)
প্রশ্ন: অপরিচালন ব্যয় কোনটি?
ক) বিমা/ভাড়া/অফিস খরচ খ) শুল্ক/বিদ্যুৎ/বিজ্ঞাপন খরচ গ) কু-ঋণ/ সম্পত্তির অবলোপন ঘ) ব্যাংক চার্জ/সুদ খরচ
উত্তর: (ঘ)
প্রশ্ন: আয়কর যদি বাধ্যতামূলক দিতে হয় তাহলে এটি হবে কোম্পানির -
ক) প্রত্যক্ষ খরচ খ) পরোক্ষ খরচ গ) অপরিচালন খরচ ঘ) বিলম্বিত খরচ
উত্তর: (খ)
প্রশ্ন: নতুন আয়কর প্রভিশন/সঞ্চিতি কোথায় দেখাতে হয়?
ক) শুধু আয় বিবরণীতে
খ) আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী
গ) শুধু আর্থিক অবস্থার বিবরণী
ঘ) রক্ষিত আয় বিবরণীতে
উত্তর: (খ)
প্রশ্ন: অবচয় কোন ধরণের ব্যয়?
ক) অনগদ খ) দৃশ্যমান গ) নগদ ঘ) প্রদেয়/বকেয়া
উত্তর: (ক)
প্রশ্ন: নিচের কোনটি একটি লিমিটেড কোম্পানির আয় বিবরণীর উপাদানও নয়, খরচও নয়?
ক) ঋণের সুদ খ) লভ্যাংশ গ) নগর শুল্ক ঘ) সুনাম অবলোপন
উত্তর: (খ)
প্রশ্ন: ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৬০,৫০০ টাকা, ক্রয় ফেরত ৩,০০০ টাকা হলে ক্রয় বাবদ প্রদত্ত ভ্যাটের পরিমাণ কত হবে?
ক) ৭,০০০ টাকা খ) ৭,৫০০ টাকা গ) ৮,৬২৫ টাকা ঘ) ৯,০৭৫ টাকা
উত্তর: (খ)
প্রশ্ন: বিক্রয় ১,২০,০০০ টাকা, মোট আয় ৪০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৮০০ টাকা, বিক্রয় বাট্টা ৪০০ টাকা, নিট আয় ২৬,০০০ টাকা, নিট বিক্রয় কত হবে?
ক) ৯৮,৮০০ টাকা খ) ১,০১,২০০ টাকা গ) ১,১৮,৮০০ টাকা ঘ) ১,১৯,২০০ টাকা
উত্তর: (গ)
প্রশ্ন: যদি বিক্রয়ের ওপর মুনাফা হার ২০% হয়, উৎপাদন ব্যয় হয় ১,৬০,০০০ টাকা এবং মোট ব্যয় হয় ২,৪০,০০০ টাকা, তখন বিক্রয়ের পরিমাণ কত হবে?
ক) ২,০০,০০০ টাকা খ) ২,৭৫,০০০ টাকা গ) ৩,০০,০০০ টাকা ঘ) ৩,২০,০০০ টাকা
উত্তর: (গ)

প্রশ্ন: ৬% হারে ৩ মাসের বিনিয়োগের বকেয়া সুদ আয় ৩০০ টাকা হলে বিনিয়োগের পরিমাণ কত?

ক) ৩,৬০০ টাকা খ) ৭,২০০ টাকা গ) ১৪,৪০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

উত্তর: (ঘ)

প্রশ্ন: করপূর্ব লাভের ওপর ১০% হারে কর প্রদান করা হয়। কর প্রদানের পরবর্তী নিট লাভ ৯,০০০ টাকা হলে করের পরিমাণ কত হবে?

ক) ৮১৮ টাকা খ) ৯০০ টাকা গ) ৯০৯ টাকা ঘ) ১,০০০ টাকা

উত্তর: (ঘ)

প্রশ্ন: কোন পণ্যের মুনাফার হার বিক্রয়মূল্যের ওপর ২০% হয়। সেক্ষেত্রে ঐ পণ্যের ক্রয়মূল্য অথবা উৎপাদন ব্যয়ের ওপর মুনাফার হার কত হবে?

ক) ২০% খ) ২৫% গ) ৩৩.৩৩% ঘ) ৫০%

উত্তর: (গ)

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: অপরিচালন আয় হলো -

i. সুদ আয়/বিনিয়োগের সুদ
ii. কমিশন আয়/কমিশন প্রাপ্তি
iii. শিক্ষানবিশ সেলামি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: মুনাফাবিহীন পণ্য বিক্রয় বাদ দিতে হয় -

i. ক্রয় থেকে
ii. বিক্রয় থেকে
iii. সমাপনী মজুদ পণ্য থেকে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: মুনাফাবিহীন বিক্রয়ের ফলে কারবারের -

i. বিক্রিত পণ্যের ব্যয় হ্রাস পায়
ii. পরিচালন আয় হ্রাস পায়
iii. মূলধনী আয় হ্রাস পায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়ের সূত্রটি হচ্ছে -

i. নিট বিক্রয় - মোট আয়/ নিট বিক্রয় + মোট ক্ষতি
ii. নিট বিক্রয় - প্রারম্ভিক মজুদ - নিট ক্রয়
iii. প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় + ক্রয় সংক্রান্ত খরচ - সমাপনী মজুদ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

প্রশ্ন: বিক্রিত পণ্যের ব্যয় বলতে বুঝায় -

i. প্রারম্ভিক মজুদ + ক্রয় + মজুরি + ক্রয় পরিবহন - সমাপনী মজুদ
ii. ক্রয় + প্রারম্ভিক মজুদ + ক্রয় পরিবহন - মজুরি - সমাপনী মজুদ
iii. বিক্রয় - মোট লাভ/আয়/মুনাফা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

প্রশ্ন: প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য বেশি দেখানোর প্রভাব হলে -

i. বিক্রিত পণ্যের ব্যয় বেশি হবে
ii. নিট আয়/মনুাফা/লাভ কম হবে
iii. চলতি দায়ের পরিমাণ বেশি হবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: সমাপনী মজুদ পণ্যের মূল্য বৃদ্ধির ফলে -
i. মোট আয়/লাভ/মুনাফা বৃদ্ধি পাবে
ii. বিক্রিত পণ্যের ব্যয় হ্রাস পাবে
iii. নিট ক্রয় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ক)
প্রশ্ন: সমাপনী মজুদ মূল্যায়নের পর যদি পণ্য আগুনে বিনষ্ট হয় এবং বিমা কোম্পানি কোন ক্ষতিপূরণ দিতে অস্বীকৃতি জানায় তবে আর্থিক বিবরণীতে এর ব্যবহার হবে -
i. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়ে বিয়োগ
ii. সমাপনী মজুদ পণ্য থেকে বিয়োগ
iii. আয় বিবরণীতে অস্বাভাবিক ক্ষতি হিসেবে বিয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)
প্রশ্ন: অবচয় খরচ ব্যবসায় প্রতিষ্ঠানের -
i. সম্পত্তি বৃদ্ধি করে
ii. ব্যয় বৃদ্ধি করে
iii. সম্পদ হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (গ)
প্রশ্ন: অবলোপনযোগ্য খরচ হলো -
i. সাধারণ খরচ
ii. বিলম্বিত খরচ
iii. প্রাথমিক খরচ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (গ)
প্রশ্ন: নিট আয়/লাভ/মুনাফার ফলে -
i. মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়
ii. সম্পদ বৃদ্ধি পায়
iii. মালিকানা স্বত্ব অপিরবর্তিত থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i, ii ও iii
উত্তর: (ক)
প্রশ্ন: প্রচুর মুনাফা স্বত্ত্বেও নগদ ঘাটতির কারণ হলো -
i. ধারে বিক্রয় বেশি
ii. প্রদেয় হিসাবের পরিমাণ বৃদ্ধি
iii. মজুদ পণ্যের পরিমাণ বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (খ)

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**একটি কোম্পানির প্রারম্ভিক মজুদ ৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ ৬০,০০০ টাকা, মজুরি ১০,০০০ টাকা এবং মোট লাভ বিক্রিত পণ্যের ব্যয়ের ২০%।**
প্রশ্ন: বিক্রিত পণ্যের ব্যয় কত?
ক) ১,৩০,০০০ টাকা খ) ১,৪০,০০০ টাকা গ) ১,৫০,০০০ টাকা ঘ) ১,৭০,০০০ টাকা
উত্তর: (গ)
প্রশ্ন: মোট বিক্রয়ের পরিমাণ কত?
ক) ১,২০,০০০ টাকা খ) ১,৫০,০০০ টাকা গ) ১,৭৫,০০০ টাকা ঘ) ১,৮০,০০০ টাকা

উত্তর: (ঘ)

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**পলা লি:-এর ৩১ ডিসেম্বর ২০১৯ সালের তথ্যসমূহ নিম্নরূপ:**
**নগদ বিক্রয় ২,৫০,০০০ টাকা, বাকীতে বিক্রয় ৩০,০০০ টাকা, বিক্রয় বাট্টা ২০,০০০ টাকা এবং মোট লাভ ৫০,০০০ টাকা।**

প্রশ্ন: মুনাফার শতকরা হার কত?

ক) ১৬.৬৭%    খ) ১৯.২৩%    গ) ২০.০০%    ঘ) ২৫.০০%

উত্তর: (খ)

প্রশ্ন: বিক্রয়ের পরিমাণ ৩,০০,০০০ টাকা হলে -

i. মোট লাভ বৃদ্ধি পাবে
ii. বিক্রিত পণ্যের ব্যয় বৃদ্ধি পাবে
iii. মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii    খ) i ও iii    গ) ii ও iii    ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**একটি প্রতিষ্ঠানের ২০১৯ সালের বিক্রয়ের পরিমাণ ছিল ৫০,০০০ টাকা(যার ২০% ধারে), ক্রয়ের পরিমাণ ৪০,৮০০ টাকা, বহন খরচ ৪,২০০ টাকা, প্রারম্ভিক মজুদ ৪,০০০ টাকা ও সমাপনী মজুদ ৬,০০০ টাকা।**

প্রশ্ন: বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?

ক) ৩৪,৮০০ টাকা    খ) ৩৮,৮০০ টাকা    গ) ৩৯,০০০ টাকা    ঘ) ৪৩,০০০ টাকা

উত্তর: (ঘ)

প্রশ্ন: যদি সমাপনী মজুদ পণ্যের মূল্য ৮,০০০ টাকা হয়, তাহলে কারবারের আর্থিক অবস্থায় কী প্রভাব পড়বে?

ক) মোট আয়/মুনাফা/লাভ হ্রাস পাবে
খ) মোট আয়/মুনাফা/লাভ বৃদ্ধি পাবে
গ) নিট আয়/মুনাফা/লাভ হ্রাস পাবে
ঘ) দায় বৃদ্ধি পাবে

উত্তর: (খ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- আলোচ্য বিষয়ের উপর বহুনির্বাচনি ও সৃজনশীল উভয় ধরণের প্রশ্ন হয়ে থাকে। বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের বহুনির্বাচনি প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
- পরবর্তীতে ব্যবহারিক সমস্যা সমাধান ক্লাসে সৃজনশীল প্রশ্ন ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে।

<><><><><><><><><>

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**পাঠ পরিকল্পনা - ০৩**

**হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র**

**পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী**

## ক্লাস-০৩

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী এবং এর প্রস্তুত প্রণালী
- সংরক্ষিত আয় বিবরণী এবং এর প্রস্তুত প্রণালী

**শিখনফল (Learning Outcome):**

- মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী কী তা বলতে পারবে।
- মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী প্রস্তুত করতে পারবে।
- সংরক্ষিত আয় বিবরণী কী তা বলতে পারবে।
- সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: রক্ষিত আয় বিবরণীর মূল উদ্দেশ্য কী?
ক) মুনাফা নির্ণয় খ) আয়কর বন্টন গ) লভ্যাংশ বন্টন ঘ) তহবিল বন্টন
উত্তর: (গ)
প্রশ্ন: সংরক্ষিত আয় বিবরণীর পরিবর্তে কোনটি প্রস্তুত করা যায়?
ক) নগদ প্রবাহ বিবরণী খ) মালিকানা স্বত্ব বিবরণী গ) আর্থিক অবস্থার বিবরণী ঘ) বিশদ আয় বিবরণী
উত্তর: (খ)
প্রশ্ন: ঘোষিত লভ্যাংশ একটি -
ক) চলতি সম্পদ খ) চলতি দায় গ) স্থায়ী সম্পদ ঘ) দীর্ঘমেয়াদি দায়
উত্তর: (খ)
প্রশ্ন: নিচের কোন দফাটি মূলধন সঞ্চিতি হিসাবে স্থানান্তর করা হয়?
ক) নিট মুনাফা খ) নিবন্ধনপূর্ব মুনাফা গ) আয়কর সঞ্চিতি ঘ) সাধারণ সঞ্চিতি
উত্তর: (ক)
প্রশ্ন: নিচের কোনটি সংরক্ষিত আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না?
ক) সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর খ) অদাবী লভ্যাংশ অবলোপন গ) অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঘ) শেয়ার অধিহার
উত্তর: (ঘ)
প্রশ্ন: সবুজ সাথী লি:-এর ২০১৯ সালের জানুয়ারি ১ ও ডিসেম্বর ৩১ তারিখে সংরক্ষিত আয়ের ক্রেডিট উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,২০,০০০ টাকা ও ১,৩৫,০০০ টাকা। ২০১৯ সালের নিট মুনাফার পরিমাণ ৩৫,০০০ টাকা হলে পরিশোধিত লভ্যাংশের পরিমাণ কত ছিল?
ক) ১৫,০০০ টাকা খ) ২০,০০০ টাকা গ) ৩৫,০০০ টাকা ঘ) ৫০,০০০ টাকা
উত্তর: (খ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: অদাবীকৃত লভ্যাংশ বাতিল হবে -
i. কোম্পানির সাধারণ সভায় ঘোষিত হলে
ii. শেয়ার মালিকদের পাওনা পরিশোধ করে
iii. পুনরায় মুনাফার সাথে যোগ করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: সংরক্ষিত আয় বিবরণীতে দেখানো হয় -
i. প্রস্তাবিত লভ্যাংশ
ii. লভ্যাংশ প্রাপ্তি
iii. সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (খ)
প্রশ্ন: যৌথ মূলধনী কোম্পানিতে মালিকানা স্বত্বের অংশ হচ্ছে -
i. শেয়ার মূলধন
ii. সঞ্চিতি ও উদ্বৃত্ত
iii. সংরক্ষিত আয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
উত্তর: (ঘ)

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:**

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**
**শেয়ার মূলধন ৪,৫০,০০০ টাকা, প্রারম্ভিক রক্ষিত আয় ২৫,০০০ টাকা, আয়কর প্রদান ১৫,০০০ টাকা ও অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ২০,০০০ টাকা। কোম্পানি নিট লাভ ১,১৫,০০০ টাকা এবং শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।**
প্রশ্ন: প্রস্তাবিত লভ্যাংশ কত?
ক) ২০,০০০ টাকা খ) ২৫,০০০ টাকা গ) ৪৫,০০০ টাকা ঘ) ৬০,০০০ টাকা
উত্তর: (গ)

প্রশ্ন: সমাপনী সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত কত?

ক) ৩৫,০০০ টাকা খ) ৬০,০০০ টাকা গ) ৭৫,০০০ টাকা ঘ) ৮০,০০০ টাকা

উত্তর: (খ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- আলোচ্য বিষয়ের ওপর সাধারণত সৃজনশীল প্রশ্ন হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।
- অলোচ্য বিষয়ের ওপর বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, উল্লেখিত বহুনির্বাচনি প্রশ্নগুলো অবশ্যই শিখে নিবে। এছাড়া বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
## পাঠ পরিকল্পনা - ০৫
## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র
## পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী

## ক্লাস-০৪

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- আর্থিক অবস্থার বিবরণী এবং এর প্রস্তুত প্রণালী

**শিখনফল (Learning Outcome):**

- আর্থিক অবস্থার বিবরণী কী তা বলতে পারবে।
- আর্থিক অবস্থার বিবরণী উপাদানসমূহ সনাক্ত ও বর্ণনা করতে পারবে।
- সম্পদের শ্রেণিবিভাগ করতে পারবে।
- দায় ও শেয়ার মূলধনের শ্রেণিবিভাগ করতে পারবে।
- বিভিন্ন ছকে আর্থিক বিবরণী প্রস্তুত করতে পারবে।

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: কোন বিবরণী থেকে ব্যবসায়ের আর্থিক অবস্থা জানা যায়?

ক) আর্থিক অবস্থার বিবরণী খ) মালিকানা স্বত্ব বিবরণী গ) নগদ প্রবাহ বিবরণী ঘ) বিশদ আয় বিবরণী

উত্তর: (ক)

প্রশ্ন: প্রতিষ্ঠানের সার্বিক আর্থিক চিত্র জানা যায় কোনটির মাধ্যমে?

ক) নগদ প্রবাহ বিবরণী খ) রক্ষিত আয় বিবরণী গ) আর্থিক অবস্থার বিবরণী ঘ) বিশদ আয় বিবরণী

উত্তর: (গ)

প্রশ্ন: হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা হয়?

ক) ঐতিহাসিক মূল্য ধারণা খ) আর্থিক মূল্য ধারণা গ) চলমান প্রতিষ্ঠান ধারণা ঘ) হিসাবকাল ধারণা

উত্তর: (ঘ)

প্রশ্ন: আর্থিক অবস্থার বিবরণী বছরে কত বার তৈরি করা ?

ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

উত্তর: (ক)

প্রশ্ন: তফসিল ১১ এর ১ম খন্ডে কোনটি প্রস্তুতের নির্দেশ আছে?

ক) বিশদ আয় বিবরণী খ) মালিকানা স্বত্ব বিবরণী গ) নগদ প্রবাহ বিবরণী ঘ) আর্থিক অবস্থার বিবরণী

উত্তর: (ক)

প্রশ্ন: নিচের কোনটি কাল্পনিক সম্পদ?

ক) সুনাম খ) ট্রেডমার্ক গ) কপিরাইট ঘ) ঋণপত্রের অবহার

উত্তর: (ঘ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:**

প্রশ্ন: আর্থিক অবস্থার বিবরণী হচ্ছে -

i. একটি বিবরণী
ii. একটি তালিকা
iii. একটি হিসাব

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii	গ) ii ও iii	ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

প্রশ্ন: ট্রেডমার্ক হচ্ছে ব্যবসায়ের -

i. স্থায়ী সম্পদ
ii. অস্পর্শনীয় সম্পদ
iii. অলীক/ভুয়া/কাল্পনিক সম্পদ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii	গ) ii ও iii	ঘ) i, ii ও iii

উত্তর: (খ)

প্রশ্ন: অসমন্বিত ব্যয় হলো -

i. বিলম্বিত বিজ্ঞাপন
ii. শেয়ার বাট্টা/অবহার
iii. অবলেখকের কমিশন/দস্তুরি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) i ও iii	গ) ii ও iii	ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**রিশিতা কোম্পানি লিমিটেড ২০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে নিবন্ধিত। কোম্পানি তার মধ্যে ৮,৫০০ শেয়ার ২,৭৫,০০০ টাকায় একটি দালানকোঠা ও ১,৮০,০০০ টাকার ভূমির বিনিময়ে ইস্যু করে। এছাড়াও ৫,০০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে নগদ অর্থ গ্রহণ করে।**

প্রশ্ন: বছর শেষে কোম্পানির পরিশোধিত মূলধন কত হবে?

ক) ২,৭০,০০০ টাকা	খ) ৪,৫৫,০০০ টাকা	গ) ৫,৫৫,০০০ টাকা	ঘ) ১০,০০,০০০ টাকা

উত্তর: (ক)

প্রশ্ন: কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পাশের যোগফল কত হবে?

ক) ২,৭০,০০০ টাকা	খ) ২,৮৫,০০০ টাকা	গ) ৫,৫৫,০০০ টাকা	ঘ) ১০,০০,০০০ টাকা

উত্তর: (গ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ আলোচ্য বিষয়ের ওপর সাধারণত সৃজনশীল প্রশ্ন হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।

✪ অলোচ্য বিষয়ের ওপর বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, উল্লেখিত বহুনির্বাচনি প্রশ্নগুলো অবশ্যই শিখে নিবে। এছাড়া বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><><><><><><><><>

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**পাঠ পরিকল্পনা - ০৫**

**হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র**

**পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী**

**ক্লাস-০৫**

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ আর্থিক বিবরণীর গুরুত্বপূর্ণ দফাসমূহ :
প্রাথমিক খরচাবলি, দায়গ্রাহকের/অবলেখকের কমিশন/দস্তুরি, শেয়ার ও ঋণপত্রের অবহার/বাট্টা, শেয়ার অধিহার/প্রিমিয়াম, লভ্যাংশ, প্রস্তাবিত লভ্যাংশ, অন্তর্বর্তীকালীন লভ্যাংশ, অদাবীকৃত লভ্যাংশ, সাধারণ সঞ্চিতি, লভ্যাংশ সমতাকরণ তহবিল, দায় পরিশোধের প্রতিপূরক তহবিল ইত্যাদি।

**শিখনফল (Learning Outcome):**

- আর্থিক বিবরণীল গুরুত্বপূর্ণ দফাসমূহ কী তা বর্ণনা ও সনাক্ত করতে পারবে।
- আর্থিক বিবরণীল গুরুত্বপূর্ণ দফাসমূহ হিসাবভুক্ত করার প্রক্রিয়া বর্ণনা করতে পারবে।
- আর্থিক বিবরণীল গুরুত্বপূর্ণ দফাসমূহ আর্থিক অবস্থার বিবরণীতে লিপিবদ্ধ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

✪ সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: কোম্পানির লভ্যাংশের যে অংশ এখনও কেউ দাবি করেনি, তাকে বলে -

ক) প্রস্তাবিত লভ্যাংশ খ) ঘোষিত লভ্যাংশ গ) অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঘ) দাবিহীন লভ্যাংশ

উত্তর: (ঘ)

প্রশ্ন: হিসাব বছরের শেষে লভ্যাংশ ঘোষণা করা হলে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়ে?

ক) মোট দায় কমে যায় খ) মোট সম্পদ কমে যায় গ) সংরক্ষিত আয় কমে যায় ঘ) নিট মুনাফা কমে যায়

উত্তর: (গ)

প্রশ্ন: কোন বিবরণীতে সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব হিসাবভূক্ত করা হয়?

ক) বিশদ আয় বিবরণী খ) মালিকানা স্বত্ব বিবরণী গ) নগদ প্রবাহ বিবরণী ঘ) আর্থিক অবস্থার বিবরণী

উত্তর: (ঘ)

✪ বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: অলীক সম্পদ হলো -

i. শেয়ার অধিহার
ii. প্রাথমিক খরচ
iii. অবলেখকের দস্তুরি/কমিশন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (গ)

প্রশ্ন: কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী শেয়ার অধিহারের অর্থ ব্যবহার করা যায় -

i. অলীক সম্পত্তি অবলোপনের কাজে
ii. বোনাস শেয়ার বিলিকরণের কাজে
iii. কোন সাধারণ বা বিশেষ তহবিল সৃষ্টি করার কাজে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**সনম লিমিটেড-এর রেওয়ামিলে সুনাম ১,০০,০০০ টাকা এবং শেয়ার অধিহার ৮০,০০০ টাকা দেয়া আছে। সমন্বয়ে বলা হয়েছে শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে**

প্রশ্ন: আর্থিক অবস্থার বিবরণীতে এর প্রভাব কী হবে?

ক) চলতি সম্পদ ৮০,০০০ টাকা কমবে
খ) স্থায়ী সম্পদ ৮০,০০০ টাকা কমবে
গ) দীর্ঘমেয়াদি দায় ৮০,০০০ টাকা কমবে
ঘ) সঞ্চিতি ৮০,০০০ টাকা বাড়বে

উত্তর: (খ)

প্রশ্ন: সুনামের টাকা শেয়ার অধিহার দ্বারা অবলোপনের পর অবশিষ্ট সুনামের টাকা চলতি বছরের মুনাফা দ্বারা অবলুপ্ত করলে -

i. পরিচালন ব্যয় ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. নিট মুনাফা ২০,০০০ টাকা কমবে
iii. সম্পদ ও দায় উভয় পাশে ২০,০০০ টাকা কমবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ আলোচ্য বিষয়ের ওপর সাধারণত সৃজনশীল প্রশ্ন হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।

✪ অলোচ্য বিষয়ের ওপর বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, উল্লেখিত বহুনির্বাচনি প্রশ্নগুলো অবশ্যই শিখে নিবে। এছাড়া বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
## পাঠ পরিকল্পনা - ০৫
## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র
## পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী

### ক্লাস-০৬

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ যৌথমূলধনী কোম্পানির আর্থিক বিবরণী প্রস্তুত সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান (সেবাদানকারী প্রতিষ্ঠান)

**শিখনফল (Learning Outcome):**

একধাপ বিশিষ্ট বিশদ আয় বিবরণী, সংরক্ষিত আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

নিচের রেওয়ামিলটি জনতা পরিবহন লিমিটেড-এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অতিরিক্ত তথ্যাবলি নিচে দেয়া হলো :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন ( প্রতিটি ১০ টাকা মূল্যের ৯০,০০০ সাধারণ শেয়ার) পূর্ণ পরিশোধিত | | ৯,০০,০০০ |
| সেবা আয় | | ৭,৫০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৬০,০০০ |
| রক্ষিত আয় | | ১,২০,০০০ |
| পুঞ্জিভূত অবচয়: | | |
| মোটর গাড়ি | | ৬০,০০০ |
| অফিস সরঞ্জাম | | ২০,০০০ |
| প্রদেয় মজুরি | | ৮০,০০০ |
| অফিস সাপ্লাইজ | ১,৮০,০০০ | |
| মোটর গাড়ি | ৮,০০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৪,০০,০০০ | |
| স্পেয়ার পার্টস | ৩,০০,০০০ | |
| ১২% বিনিয়োগ(০১/০৭/২০১৮) | ২,০০,০০০ | |
| উপযোগ খরচ | ১০,০০০ | |
| অগ্রিম বিমা | ৮০,০০০ | |
| আয়কর ও আয়কর ফেরত | ২০,০০০ | ১,০০০ |
| দাবিহীন লভ্যাংশ | | ৯,০০০ |
| লভ্যাংশ প্রদান | ১০,০০০ | |
| মোট= | ২০,০০,০০০ | ২০,০০,০০০ |

**সমন্বয়সমূহ:**
(a) স্পেয়ার পার্টস ১,৬০,০০০ টাকা ও অফিস সাপ্লাইজ ১,০০,০০০ টাকা চলতি বছর ব্যবহার করা হয়েছে। (b) বছর শেষে অগ্রিম বিমার পরিমাণ ৩০,০০০ টাকা। (c) অনুপার্জিত সেবা আয় ৪০,০০০ টাকা অর্জিত হয়েছে। (d) মোটর গাড়ি ও অফিস সরঞ্জামের বার্ষিক ১০% অবচয় ধার্য করা আবশ্যক। (e) শেয়ার মূলধনের ওপর ৫% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়। (f) আয়করের জন্য ২৫,০০০ টাকা সঞ্চিতি রাখতে হবে। (g) নিট লাভের ১০% সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। (h) লভ্যাংশ সমতাকরণ তহবিলে ৫,০০০ টাকা এবং কর্মচারীদের ভবিষ্যৎ তহবিলে ২,০০০ টাকা স্থানান্তর করতে হবে।

**করনীয়সমূহ:**
ক) বিশদ আয় বিবরণী প্রস্তুত করো।
খ) সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো।
গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

**অতিরিক্ত করণীয়:**
(i) চলতি বছরের সেবা আয়ের পরিমাণ নির্ণয় করো।, (ii) চলতি বছরের বিমা খরচের পরিমাণ নির্ণয় করো।,(iii) চলতি বছরের মোট অবচয় খরচের পরিমাণ নির্ণয় করো। (iv) ঘোষিত লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ এই অধ্যায় থেকে প্রাক-নির্বাচনি, নির্বাচনি ও বোড পরীক্ষায় ২ সৃজনশীল থাকবে। এবং এই দুটির উত্তর করা বাধ্যতামূলক। অতএব, বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

✪ ব্যবহারিক সমস্যা নিয়েও বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**পাঠ পরিকল্পনা - ০৫**

**হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র**

**পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী**

## ক্লাস-০৭

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ যৌথমূলধনী কোম্পানির আর্থিক বিবরণী প্রস্তুত সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান (ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান)

**শিখনফল (Learning Outcome):**

বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী, সংরক্ষিত আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

বিদ্যাসাগর কোম্পানি লিমিটেড-এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে দেয়া হলো:

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন(প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার) | | ৫,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ৩,৪০,০০০ |
| অফিস সরঞ্জাম | ২,১৫,০০০ | |
| ১২% বিনিয়োগ (০১/০১/২০১৯) | ১,৫০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৫০,০০০ | ১৫,০০০ |
| শুল্ক খরচ (আমদানি) | ১৯,৫০০ | |
| আসবাবপত্র | ১,৪০,০০০ | |
| বেতন খরচ | ২৩,০০০ | |
| বিমা খরচ (৩১/০৩/২০২০) | ৩,০০০ | |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৩০,০০০ | ২৫,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৩০,০০০ | |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৫০০ | ১,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৩৫,০০০ |
| সংরক্ষিত আয় (০১/০১/২০১৯) | | ৮৪,০০০ |
| দায় গ্রাহকের কমিশন | ৩০,০০০ | |
| নগদ ও ব্যাংক জমা | ১,১৯,০০০ | |
| | ১০,০০,০০০ | ১০,০০,০০০ |

**অন্যান্য তথ্যাদি:**

(১) ধারে বিক্রয় ১,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি। (২) সমাপনী মজুদ পণ্য ৫৫,০০০ টাকা। (৩) প্রাপ্য হিসাবের ১,০০০ টাকা অবলোপন করতে হবে। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৩% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করো। (৪) দায় গ্রাহকের কমিশন ৫০% অবলোপন করতে হবে। (৫) সঞ্চিতি তহবিল ৬০,০০০ টাকায় উন্নীত করতে হবে। (৬) অন্তর্বর্তীকালীন লভ্যাংশসহ ১০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। (৭) আয়কর সঞ্চিতি বাবদ ১০,০০০ টাকা রাখতে হবে।

**করণীয়সমূহ:**

(ক) বিশদ আয় বিবরণী প্রস্তুত করো।

(খ) সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো।

(গ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

**অতিরিক্ত করণীয়:**

(i) চলতি বছরের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো, (ii) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো, (iii) অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো, (iv) বছর শেষে নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করো, (v) প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো,

**বাড়ীর কাজ :**

দিনাজপুর ২০১৯ (সজীব কোম্পানি লি:) এবং কুমিল্লা ২০১৯ (রাশেদ লি.)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ এই অধ্যায় থেকে প্রাক-নির্বাচনি, নির্বাচনি ও বোড পরীক্ষায় ২টি সৃজনশীল প্রশ্ন থাকবে এবং এই দুইটির প্রশ্নের উত্তর করা বাধ্যতামূলক। অতএব, বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

✪ ব্যবহারিক সমস্যা নিয়েও বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><>

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

**পাঠ পরিকল্পনা - ০৫**

**হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র**

**পঞ্চম অধ্যায়: যৌথ মূলধনী কোম্পানির আর্থিক বিবরণী**

**ক্লাস-০৮**

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ যৌথমূলধনী কোম্পানির আর্থিক বিবরণী প্রস্তুত সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান (ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান)

**শিখনফল (Learning Outcome):**

বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী, সংরক্ষিত আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

সজিব কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১২,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,২০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রস্তুতকৃত রেওয়ামিল নিচে দেয়া হলো:

| বিবরণ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ইস্যুকৃত ও তলবকৃত মূলধন( ৮০,০০০ শেয়ার) | | ৮,০০,০০০ |
| ক্রয় ( ১৫% ভ্যাটসহ) | ৪,৬০,০০০ | |
| বিক্রয় ( ১৫% ভ্যাটসহ) | | ৯,২০,০০০ |
| শেয়ার অধিহার | | ৮০,০০০ |
| ১০% বিনিয়োগ | ৫,০০,০০০ | |
| দালানকোঠা | ৫,৫০,০০০ | |
| ইজারা সম্পত্তি ( ১০ বছর) | ১,৫০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৯০,০০০ |
| ৮% ঋণপত্র | | ১,০০,০০০ |
| মজুরি খরচ (১০ মাস) | ১,৬০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ(০১/০৭/২০১৯) | ৬৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,১০,০০০ | ৬০,০০০ |
| সুনাম | ১,২০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | ৮২,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০১৯) | ৭৫,০০০ | |
| দাবিহীন লভ্যাংশ | | ১০,০০০ |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ২০,০০০ | ২৫,০০০ |
| রক্ষিত আয়ের জের (০১-০১-২০১৯) | | ২,১৫,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৮,০০০ | |
| | ২৩,০০,০০০ | ২৩,০০,০০০ |

**অন্যান্য তথ্যাদি:**

(১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৯০,০০০ টাকা। উক্ত মজুদের মধ্যে ১০,০০০ টাকা মূল্যের আগুনে বিনষ্ট পণ্য অন্তর্ভুক্ত আছে। বিমা কোম্পানি ৬,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। (২) বিনামূল্যে খরিদ্দাদের মধ্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপন খরচের এক-তৃতীয়াংশ অবলোপন করতে হবে। (৩) মুনাফাবিহীন বিক্রয় ২০,০০০ টাকা। (৪) বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে ২০,০০০ টাকার পণ্য প্রেরিত হয়েছিল যা ফেরত দেয়ার সময় এখনও অতিক্রান্ত হয়নি। (৫) শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে। (৬) আয়কর সঞ্চিতি ৫,০০০ টাকা বৃদ্ধি করতে হবে। (৭) সাধারণ সঞ্চিতি তহবিলে ৪০,০০০ টাকা স্থানান্তর করতে হবে। (৮) শেয়ার প্রতি ১ টাকা লভ্যাংশ ঘোষণা করতে হবে।

**করণীয়সমূহ:**

(ক) বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। (খ) মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। (গ) সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। (ঘ) আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

**অতিরিক্ত করণীয়:**

(i) ভ্যাট চলতি হিসাব প্রস্তুত করো, (ii) নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো, (iii) আগুণে বিনষ্ট পণ্য বাবদ হিসাবভুক্ত ক্ষতির পরিমাণ নির্ণয় করো। (iv) চলতি বছরের বিজ্ঞাপন বাবদ খরচের পরিমাণ নির্ণয় করো, (v) নিটক্রয়সহ প্রত্যক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ এই অধ্যায় থেকে প্রাক-নির্বাচনি, নির্বাচনি ও বোড পরীক্ষায় ২টি সৃজনশীল প্রশ্ন থাকবে এবং এই দুইটির প্রশ্নের উত্তর করা বাধ্যতামূলক। অতএব, বিভিন্ন শিক্ষা বোর্ডের ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

✪ ব্যবহারিক সমস্যা নিয়েও বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপরও ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><> **কোন সমস্যা সমাধানে সমস্যা হলে যোগাযোগ কর:**

**মুহম্মদ জিয়াউর রহমান**

সহকারী অধ্যাপক(হিসাববিজ্ঞান), মোবাইল# ০১৭১০-৯৩৫৩৫৬

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম।